রেজিস্ট্রারের কার্যালয়
ইসলামী বিশ্ববিদ্যালয়
কুষ্টিয়া, বাংলাদেশ
ফোন: +৮৮-০২৪৭৭৭৮৬৭০৪ (অফিস)
পিএবিএক্স: +৮৮-০২৪৭৭৭৮৬৭১০-০২৪৭৭৭৮৬৭১৫/২২৯২ (অফিস)
ফ্যাক্স : +৮৮-০২৪৭৭৭৮৬৭০৫
ই-মেইল: registrar@iu.ac.bd,
Website: www.iu.ac.bd

ইসলামী বিশ্ববিদ্যালয়

Office of the Registrar
Islamic University
Kushtia, Bangladesh
Phone: +88-02477786704 (Office)
PABX: +88-02477786710-02477786715/2292 (Office)
Fax: +88-02477786705
E-mail: registrar@iu.ac.bd,
Website: www.iu.ac.bd

স্মারক নং : প্রশা/ইবি/২০২৬/৩২২৫ তারিখ : ১৭-১১-২০২৬
Ref. No. Date :

পুনঃনিয়োগ বিজ্ঞপ্তি (তৃতীয় বার)

ইসলামী বিশ্ববিদ্যালয়ের বিধি মোতাবেক প্রদেয় বেতন ভাতাদিসহ নিম্নবর্ণিত পদ পূরণের নিমিত্তে বাংলাদেশের স্থায়ী নাগরিকদের নিকট থেকে ইসলামী বিশ্ববিদ্যালয়ের নির্ধারিত ফরমে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে:

ক্রমিক	বিভাগ/অফিস	পদের নাম, সংখ্যা, বেতন স্কেল	আবেদনের বিভাগ/বিষয়সমূহ
১.	সোশ্যাল ওয়েলফেয়ার	সহকারী অধ্যাপক (স্থায়ী) ১টি পদ [৭১০০০-১৩৪০০০/= গ্রেড-৬]	সোশ্যাল ওয়েলফেয়ার, সোশ্যাল ওয়ার্ক

প্রার্থীর শিক্ষাগত যোগ্যতা ও অন্যান্য শর্তাবলী নিম্নরূপ :

১. এসএসসি ও এইচএসসি পরীক্ষায় প্রাপ্ত জিপিএ এর যোগফল ন্যূনতম ৮.০০ হতে হবে। তবে এসএসসি বা এইচএসসি পরীক্ষায় পৃথকভাবে জিপিএ ৩.৫০ এর নিচে হবে না। সনাতন পদ্ধতির ক্ষেত্রে উভয় পরীক্ষায় প্রথম বিভাগ থাকতে হবে।

২. স্নাতক ও স্নাতকোত্তর উভয় পরীক্ষায় ৩.৫০ (৪.০০ এর মধ্যে) থাকতে হবে। তবে সনাতন পদ্ধতির ক্ষেত্রে উভয় পরীক্ষায় প্রথম শ্রেণী থাকতে হবে। শিক্ষক হিসেবে নিয়োগের ক্ষেত্রে কোনো স্তরে তৃতীয় শ্রেণী/বিভাগ থাকলে তিনি যোগ্য বলে বিবেচিত হবেন না।

৩. (ক) সংশ্লিষ্ট বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রিধারীদের ক্ষেত্রে অন্তত ০৩ (তিন) বছরের শিক্ষকতা/গবেষণার অভিজ্ঞতা এবং অন্তত ০২টি প্রকাশনা থাকতে হবে।

(খ) সংশ্লিষ্ট বিষয়ে এম, ফিল/সমমানের ডিগ্রিধারীদের ক্ষেত্রে অন্তত ০২ (দুই) বছরের শিক্ষকতা/গবেষণার অভিজ্ঞতা এবং অন্তত ০২টি প্রকাশনা থাকতে হবে।

(গ) সংশ্লিষ্ট বিষয়ে পি-এইচ, ডি/সমমানের ডিগ্রিধারীদের ক্ষেত্রে অন্তত ০১ (এক) বছরের শিক্ষকতা/গবেষণার অভিজ্ঞতা এবং অন্তত ০১টি প্রকাশনা থাকতে হবে।

উল্লিখিত পদে নিয়োগের জন্য শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতার সনদপত্র, অন্যান্য প্রশংসাপত্রের সত্যায়িত কপি, নম্বরপত্র ও সম্প্রতি তোলা পাসপোর্ট আকারের ০৩ কপি সত্যায়িত ছবিসহ যে সকল প্রার্থী অগ্রণী ব্যাংক, (পিএলসি) ইবি শাখা হতে ১০০/= টাকার বিনিময়ে আবেদন ফরম সংগ্রহ করবেন তারা অগ্রণী ব্যাংক, (পিএলসি) ইসলামী বিশ্ববিদ্যালয় শাখা, কুষ্টিয়ার উপর গৃহীত (অগ্রণী ব্যাংক, পিএলসি যে কোন শাখা হতে) ১,০০০/= (এক হাজার) টাকা এবং যে সকল প্রার্থী অনলাইন হতে আবেদন ফরম সংগ্রহ করবেন তারা ১,১০০/= (এক হাজার একশত) টাকার ব্যাংক ড্রাফট/পে-অর্ডার রেজিস্ট্রার, ইসলামী বিশ্ববিদ্যালয়, কুষ্টিয়ার অনুকূলে (চাকুরিরত প্রার্থীদের ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে) পূর্ণ ১০ (দশ) সেট আবেদনপত্র আগামী ০১/১২/২০২৬ তারিখের মধ্যে রেজিস্ট্রার, ইসলামী বিশ্ববিদ্যালয়, কুষ্টিয়া (অফিস চলাকালীন সময়ে) বরাবর পৌছাতে হবে (অনলাইনের আবেদন ফরম বিশ্ববিদ্যালয়ের website : www.iu.ac.bd-তে পাওয়া যাবে)।

17.11.2026

(প্রফেসর ড. মোঃ আতিকুর রহমান)
রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত)
ইসলামী বিশ্ববিদ্যালয়

ডিজি-১৬৭৫/২৬ (৭×৩)